সংবাদ

তারিখ ... 20 AUG 1996
পৃষ্ঠা - ৩ কলাম - ৩

# পে-কমিশন গঠন ঃ ৬ মাসের মধ্যে রিপোর্ট

(নিজস্ব বার্তা পরিবেশক) মন্ত্রিসভা জাতীয় পে-কমিশন গঠনের প্রস্তাব অনুমোদন করেছে। অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব এম মুজিবুল হককে পে-কমিশনের চেয়ারম্যান এবং অবসরপ্রাপ্ত দুই সচিব মুস্তাফিজুর রহমান এবং আফজালুর রহমানকে কমিশনের পূর্ণকালীন সদস্য নিয়োগ করা হয়েছে। কমিশনের অন্য খন্ডকালীন সদস্যরা হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক ডঃ এ টি এম জহরুল হক, বাংলাদেশ এমপ্লয়ার্স এসোসিয়েশনের সভাপতি আবদুল আউয়াল মিন্টু, পরিকল্পনা কমিশনের সদস্য ডঃ এস এম হাসানুজ্জামান, রাজউকের সাবেক চেয়ারম্যান আনোয়ারুল আলম, বিশিষ্ট চিকিৎসক ডাঃ কাদরী, বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর সৈয়দ আলী কবির, রোকেয়া হলের সাবেক প্রভোস্ট নূরুন্নাহার ফয়েজুন্নেসা এবং পাবলিক সার্ভিস কমিশনের প্রাক্তন সদস্য হাসানুজ্জামান। কমিশনে সশস্ত্র বাহিনী, শিল্প আইন ও অর্থ মন্ত্রণালয়ের একজন করে প্রতিনিধি থাকবেন। এছাড়াও কমিশন দু'জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিশনকে সরকারের উচ্চ পর্যায়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করার জন্য ৬ মাসের সময় দেয়া হয়েছে। কমিশনের পূর্ণকালীন সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত দু'জন সদস্যের প্রত্যেকে মাসিক ১১ হাজার টাকা সম্মানী এবং একটি সরকারি গাড়ি পাবেন। গাড়ি ব্যবহার না করলে তারা প্রত্যেক মাসে আরো ৫ হাজার টাকা পাবেন। খন্ডকালীন সদস্যরা কমিশনের প্রতিটি বৈঠকে উপস্থিতির জন্য ৫শ' টাকা সম্মানী পাবেন।

গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে জাতীয় পে-কমিশন গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। সূত্রটি জানান, পে-কমিশন কর্মকর্তা ও কর্মচারীদের বর্তমান বেতন ও ভাতা এবং অন্য সুবিধাদি বর্তমান আয়-ব্যয় ও অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে বিবেচনায় এনে নয়া পে-স্কেল নির্ধারণের জন্য সরকারের উচ্চ পর্যায়ে সুপারিশ পেশ করবে। কমিশনের টার্মস অফ রেফারেন্সে অর্থ মন্ত্রণালয় বলেছে যে, নয়া পে-স্কেল নির্ধারণে পে-কমিশন অনূর্ধ্ব ৪ জনের একটি পরিবারের জীবনযাত্রার ব্যয় এবং অনূর্ধ্ব দুই সন্তানের শিক্ষার ব্যয় বিবেচনায় আনবে। সূত্রটি জানান, সরকার শিগগিরই সশস্ত্র বাহিনীর সদস্যদের জন্য আলাদা বেতন কমিটি গঠন করবে। আওয়ামী লীগের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী জাতীয় পে-কমিশন করা হয়েছে। শেখ হাসিনা প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের একদিন পর সচিবালয়ে কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে বক্তৃতাকালে পে-কমিশন গঠনের ঘোষণা দেন।